গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৯.২২(অংশ-৩).**০৩**

তারিখ: ১৯ পৌষ, ১৪৩০
০৩ জানুয়ারি, ২০২৪

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

**সূত্র:** এ বিভাগের স্মারক নং- ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৯.২২(অংশ-৩).**২৯৮**; তারিখ: ১৪/১২/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে গত ২০/১২/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)-এর ২০তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২০তম সভার কার্যবিবরণী।

০৩/০১/২৪

(মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী)
উপসচিব
ফোন: ৫৫০০৭০৮৪
ইমেইল: mahbub.25econ@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৩. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৮. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
১১. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১৭. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৩১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩২. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৩৪. অতিরিক্ত সচিব (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩৫. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।

৩৬. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।

৩৭. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, ঢাকা।

৩৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।

৩৯. মহাপরিচালক (খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট-FPMU), খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

৪০. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

৪১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

৪২. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪৩. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

৪৪. প্রকল্প পরিচালক, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪৫. পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশি, নীলক্ষেত, ঢাকা।

৪৬. পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪৭. পরিচালক, সেন্সাস উইং ও সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস, ঢাকা।

৪৮. ড. সৈয়দ শাহাদাত হোসেন, অধ্যাপক, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪৯. চেয়ারম্যান, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।

৫০. প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমেপ্লক্স, হাউজ#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক# H-1, উত্তরা, ঢাকা।

৫১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৫মতলা), ১৩/এ, সোনারগাঁ রোড, বাংলা মোটর, ঢাকা।

৫২. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) বাড়ী #৬/২ (৮ম তলা) এফ ব্লক, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, হাউজিং এস্টেট, ঢাকা।

৫৩. মিজ হালিমা নেয়ামত, উন্নয়ন সমন্বয় কর্মকর্তা, ইউএন আবাসিক সমন্বয়কের দপ্তর (UNRCO), গুলশান, ঢাকা।

৫৪. জনাব মাহবুব ই আলম, পরিসংখ্যান ও পরিবীক্ষণ বিশেষজ্ঞ, SPEAR সেকশন, ইউনিসেফ বাংলাদেশ, ইউনিসেফ হাউজ, প্লট ই-৩০, আগারগাঁও, ঢাকা।

৫৫. জনাব আমিনুল আরেফিন, জাতীয় প্রকল্প ব্যবস্থাপক, সোশাল সিকিউরিটি পলিসি সাপোর্ট প্রোগ্রাম, ইউএনডিপি-বাংলাদেশ, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা।

৫৬. জনাব এ. জেড. এম. সালেহ, মনিটরিং এন্ড ইভালুয়েশন এনালিস্ট, ইউএনডিপি-বাংলাদেশ, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা।

৫৭. জনাব মো. আনোয়ারুল আরিফ খান, রেজাল্টস ম্যানেজমেন্ট এক্সপার্ট, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৯.২২(অংশ-৩).**০৩**

তারিখ: ১৯ পৌষ, ১৪৩০ / ০৩ জানুয়ারি, ২০২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. যুগ্মসচিব (পরিকল্পনা/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

০২. পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।

০৩. সদস্য-সচিব (সকল), বিষয়ভিত্তিক কারিগরি কমিটি, বিবিএস, ঢাকা।

০৪. ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল), বিবিএস, ঢাকা।

০৫. ফোকাল পয়েন্ট, এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

০৬. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭. সদস্য (সচিব) মহোদয়ের একান্ত সচিব, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের -ই-বাংলানগর, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯. প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০. জনাব রিফাত-ই-জাহান সিদ্দিকী, প্রোগ্রাম এ্যাসিসটেন্ট-ডাটা সাইন্স, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

১১. অফিস কপি।

০৩/০১/২৪

(মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের ইনসেপশন এবং জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| **প্রধান অতিথি** | : | **জনাব মো: আখতার হোসেন,** মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় |
| **সভাপতি** | : | **ড. শাহনাজ আরেফিন,** *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| **সভার তারিখ ও সময়** | : | ২০ ডিসেম্বর, ২০২৩ (বুধবার), সকাল ১১:০০ টা। |
| **সভার স্থান** | : | বিবিএস কনফারেন্স রুম (গ্রাউন্ড ফ্লোর), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা। |
| **উপস্থিতি** | : | পরিশিষ্ট '**ক**'-তে সংযুক্ত করা হলো। |

**০২। "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের আলোচনা ও উপস্থাপনা :**

২.১ সভায় শুরুতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন) ড. দিপংকর রায় সভায় উপস্থিত প্রধান অতিথি মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়, NDCC-এর সভাপতি এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়সহ উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সভাকে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ভূমিকা, অগ্রগতিসহ আজকের NDCC-এর ২০ তম সভা এবং এসআইডি কর্তৃক সাম্প্রতিককালে গৃহীত"এসডিজি ডাটা রিপোটিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের বিষয়ে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন। পরবর্তীতে তিনি সভাপতি মহোদয়কে স্বাগত বক্তব্য প্রদানের জন্য বিনীত অনুরোধ করেন।

২.২ সভাপতি শুরুতেই "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের ইনসেপশন এবং জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম সভায় উপস্থিত 'প্রধান অতিথি' প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, আজকে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম নিয়মিত সভা, পাশাপাশি NDCC কে আরও কার্যকর করা, এসডিজির ডাটা সম্পর্কিত যাবতীয় সমস্যা চিহ্নিত করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ছোট পরিসরে গৃহীত "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের ইনসেপশন। মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য সভাপতি বলেন, তিনি যখন প্রথম NDCC সভা করেন তখন তিনি এসডিজি সূচকের ডাটা শূন্যতা, ডাটা গ্যাপ, সমন্বয়হীনতা, সভায় নিয়মিত ফোকাল পয়েন্টের অনুপস্থিতি ইত্যাদি লক্ষ্য করেন। এতদসংক্রান্ত NDCC সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়ন ও NDCC'র সকল সদস্যের ঐকান্তিক প্রচেষ্টায় আজকে পর্যন্ত ২০৫টি সূচকের Baseline ডাটা নিশ্চিত হয়েছে। সঠিক উপাত্ত প্রস্তুত ও ডাটা গ্যাপ নিরসনে তিনি ৩টি বিষয়ে মুখ্য সমন্বয়ক মহোদয়ের মনযোগ আকর্ষণ করেন; ক) যেহেতু বেশিরভাগ ডাটা বিভিন্ন প্রকল্প থেকে পাওয়া যায় প্রকল্পসমূহ নির্দিষ্ট সময় পর শেষ হয়ে যায়, সেহেতু কার্যক্রমগুলো নিয়মিতকরণের মাধ্যমে রাজস্ব বাজেটে আনা গেলে ডাটার ধারাবাহিকতা রক্ষা সম্ভব হবে। এ সময় পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে এসডিজি'র সাযুজ্য বিবেচনায় প্রকল্পসমূহের নিয়মিতকরণে মুখ্য সমন্বয়ক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন; খ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা'র ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় বদলি হলে তাঁর এ সংক্রান্ত অর্জিত জ্ঞানের উপযোগিতা নিশ্চিতকরণে বদলিকৃত কর্মস্থলেও তাঁকে সমপ্রকৃতির দায়িত্ব অর্পণের ব্যাপারে মুখ্য সমন্বয়ক মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন; গ) যেহেতু এসডিজি বাস্তবায়নের জন্য জাতীয় কর্মপরিকল্পনা বিদ্যমান আছে এবং একইসাথে আন্তর্জাতিক সংস্থাগুলোরও ম্যান্ডেট আছে, সেহেতু উভয়পক্ষের সহযোগিতার ক্ষেত্রসমূহ এবং ব্যাপ্তি আরও সুনির্দিষ্ট করতে মুখ্য সমন্বয়ক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

২.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর মহাপরিচালক সভাকে জানান যে, আজকে পর্যন্ত ২০৫ টি এসডিজি সূচকের Baseline ডাটা এসডিজি ট্র্যাকারে প্রদান করা হয়েছে, যা একটি বড় অর্জন। অন্যান্য কার্যক্রমের মধ্যে বিবিএস যে ১১১ টি সূচকের ডাটা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত, সেক্ষেত্রেও বিবিএস সঠিক পথে (অনট্র্যাকে) আছে। এছাড়া, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ডাটা সত্যকরণের দায়িত্বও বিবিএস যথাযথভাবে পালন করে যাচ্ছে। সকলের সহযোগিতায় এসডিজির লক্ষমাত্রা পূরণ করা সম্ভব মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ পর্যায়ে ড. দিপংকর রায় ইন্ডিকেটরের Data availability ২০০ ক্রস করার জন্য NDCC'র

সভাপতিকে তাঁর গতিশীল নেতৃত্বের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরবর্তীতে তিনি "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের বিষয়ে সভায় সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদানের জন্য প্রকল্প পরিচালক ও উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মো: মাহবুবুল আলম সিদ্দিকীকে আহবান জানান।

২.৪ সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের উপর সংক্ষিপ্ত উপস্থাপনা প্রদান করেন। তিনি সভাকে জানান প্রকল্পটি গত ০৬ আগস্ট ২০২৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক বরাদ্দবিহীনভাবে অনুমোদিত হয়েছে, যার মেয়াদকাল ০১ জুলাই ২০২৩ খ্রি. হতে ৩০ জুন ২০২৬ খ্রি. পর্যন্ত। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৩১.৫৯ (ছয় কোটি একত্রিশ লক্ষ উনষাট হাজার) টাকা, যার পুরোটাই জিওবি। প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে: ১) এসডিজি রিপোর্ট-এর ক্ষেত্রে উপাত্তের অভাব চিহ্নিত করা; ২) উপাত্ত প্রস্তুত কার্যক্রম গতিশীল করা এবং দ্বৈততা হ্রাস; এবং ৩) প্রশাসনিক উৎসের পাশাপাশি পরিসংখ্যানিক জরিপ ও শুমারির উপাত্ত সংকলনের মাধ্যমে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি করা।

২.৫ তিনি সভার অবগতির জন্য আরো জানান যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র তথ্য-উপাত্ত প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তথা 'জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (NSS)'-এর আওতাভুক্ত সকলের সাথে সমন্বয়ের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব মহোদয়কে সভাপতি করে গত ০৪ মার্চ ২০১৮ তারিখে ৫৫ সদস্যবিশিষ্ট জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee- NDCC) গঠন করা হয়। NDCC'কে অফিসিয়াল পরিসংখ্যান বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য ৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি গঠন করা হয়েছে। মূলত: NDCC এর কাজ হচ্ছে তথ্য-উপাত্ত প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় করা। প্রতি ৩ মাস পর পর NDCC এর সভা আয়োজন করার বিষয়টি গেজেটে উল্লেখ রয়েছে। এসডিজি'র ২৪৮টি সূচকের মধ্যে এসআইডি ও বিবিএস মিলে ১১৫টি সূচকের ডাটা প্রদান করে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বাকি সূচকগুলোও NDCC'র মাধ্যমে সমন্বয় করা হয়। এই সমন্বয়ের কাজটি সূচারুরূপে করার জন্য কোন ধরনের রাজস্ব বরাদ্দ নাই। তাই NDCC-কে আরও গতিশীল করার জন্য আলোচ্য প্রকল্পটি নেয়া হয়েছে। তিনি বলেন, প্রকল্পের উদ্দেশ্যেকে সমন্বয় এবং সক্ষমতা বৃদ্ধি এ দুইভাগে ভাগ করা হয়েছে। সমন্বয়ের কাজটি NDCC এর মাধ্যমে করা হবে। এছাড়া বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের এসডিজি সংক্রান্ত উপাত্ত সংকলন ও রিপোর্টিং এর জন্য জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করার নিমিত্ত প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও কনফারেন্স আয়োজনের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধির কাজটি করা হবে। পাশাপাশি জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে এসডিজি'র অভীষ্টভিত্তিক অগ্রগতি পর্যালোচনার জন্য এসডিজি ইনডেক্স প্রস্তুত করা; জাতীয় অগ্রাধিকার সূচকসহ (৩৯+১) এসডিজি'র স্থানীয়করণ পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং উপাত্ত হালনাগাদের নিমিত্ত কর্মশালা আয়োজন করা হবে। তিনি প্রকল্পের আওতায় ইতোপূর্বে গৃহীত ২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্সের কর্মপরিকল্পনা হালনাগাদকরণে পূর্বের ন্যায় UNRCO এবং a2i-এর নিকট কারিগরি সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন। প্রকল্পের মূল কার্যক্রমের আলোকে প্রকল্প পরিচালক ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা সভাকে অবহিত করেন, যা নিম্নরূপ:

| কার্যক্রম (জুলাই ২৩-জুন ২৬) | কার্যক্রমের বর্ণনা | সংখ্যা | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক | ৪র্থ প্রান্তিক |
| NDCC সভা আয়োজন | জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এবং আন্তর্জাতিক রিপোর্ট-এর জন্য সরবরাহকৃত সূচকসমূহের মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহের লক্ষ্যে গঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee- NDCC)-এর সভা আয়োজন; | ১২টি | ১টি | ১টি | ১টি |
| বিষয়ভিত্তিক ০৯টি কারিগরি কমিটির সভা আয়োজন | NDCC-এর আওতাধীন ০৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভা আয়োজন; | ১০৮টি | ৯টি | ৯টি | ৯টি |
| ইন্টারন্যাশনাল ইনডেক্স | ২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্স নিয়ে ইতোপূর্বে গৃহীত কর্মপরিকল্পনা/ম্যাপিং হালনাগাদ করার উদ্দেশ্যে | প্রয়োজন অনুযায়ী | - | ২টি | - |

| কার্যক্রম (জুলাই ২৩-জুন ২৬) | কার্যক্রমের বর্ণনা | সংখ্যা | ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ২য় প্রান্তিক | ৩য় প্রান্তিক | ৪র্থ প্রান্তিক |
| | সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন; | | | | |
| অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান | এসডিজি ট্র্যাকার বিষয়ে অস্পষ্টতা দূর করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ডাটা প্রদানকারী/ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন; | ১৫টি | - | ২টি | ২টি |
| | তথ্য-উপাত্তের মেটাডাটা সম্পর্কে পদ্ধতিগত সম্যক ধারণা প্রদানের জন্য নিম্নবর্ণিত ১৪টি সূচকের উপর অগ্রাধিকার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করা হবে; 1.4.2, 2.1.2, 2.3.1, 2.3.2, 2.4.1, 3.3.4, 3.8.1, 5.a.1, 8.4.1, 8.4.2, 10.4.1, 10.4.2, 11.2.1 ও 16.7.2 | | - | ১টি | - |
| সভা আয়োজন | SID এবং BBS এর SDG সংশ্লিষ্ট সূচকসমূহের হালনাগাদ তথ্য-উপাত্ত পর্যলোচনার লক্ষ্যে সভা আয়োজন; | প্রয়োজন অনুযায়ী | - | - | - |
| প্রশিক্ষণ কর্মশালা | SDG'র ডাটা গ্যাপ নিরসনের লক্ষ্যে সমস্যা চিহ্নিতকরণ/নিরসন/নিষ্পত্তির নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে গ্রুপভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন; | প্রয়োজন অনুযায়ী | - | ১টি | ১টি |
| স্টাডি | থিমেটিক এরিয়াভিত্তিক এসডিজি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত "SDG Data Availabity Stutus Report" প্রণয়ন করা; | ৭টি | - | ১টি | ১টি |
| সেমিনার/কর্মশালা আয়োজন | ■ জাতীয় পর্যায়ে (জাতীয়, বিভাগীয় ও জেলা পর্যায়ে এসডিজি'র অভীষ্টভিত্তিক অগ্রগতি পর্যালোচনার জন্য উপাত্তের প্রাপ্যতার ভিত্তিতে এসডিজি ইনডেক্স প্রস্তুত করা) সেমিনার/কনফারেন্স আয়োজন করা; | ৮টি | - | ২টি | ২টি |
| | ■ বিভাগীয় পর্যায়ে [জাতীয় অগ্রাধিকার সূচকসহ (৩৯+১) এসডিজি'র স্থানীয়করণ পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে হালনাগাদকৃত উপাত্ত প্রাপ্যতার সংকলনের উদ্দেশ্যে কর্মশালা আয়োজন] সেমিনার/কনফারেন্স আয়োজন করা; | ১৬টি | - | ১টি | ১টি |
| বৈদেশিক এক্সপোজার ভিজিট/প্রশিক্ষণ | বৈদেশিক এক্সপোজার ভিজিট/প্রশিক্ষণ আয়োজন করা হবে। | ০২টি ব্যাচে | - | - | - |

২.৬ আলোচনায় অংশ নিয়ে মুখ্য সমন্বয়ক মহোদয় বলেন, তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় পরিদর্শনে গিয়ে জানতে পারেন যে, এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ডাটা প্রদানকারী/ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদের এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান বিষয়ে নলেজ গ্যাপ আছে। তিনি প্রকল্পের মাধ্যমে এসডিজি ট্র্যাকার বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করার জন্য অনুরোধ করেন, যেখানে তিনি নিজে উপস্থিত থাকতে আগ্রহ প্রকাশ করেন। এ পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে, এসডিজি ট্র্যাকার বিষয়ে অস্পষ্টতা দূর করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট/ ডাটা প্রদানকারী/ ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদের নিয়ে ২০২৩-২৪ অর্থবছরে ৩য় ও ৪র্থ প্রান্তিকে ২টি করে মোট ৪টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার পরিকল্পনা করা হয়েছে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী এ সংক্রান্ত প্রশিক্ষণ/সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করা হবে। তিনি আরো বলেন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপাত্ত প্রদানকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে সহযোগিতা করার জন্য বিবিএস থেকে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ভিত্তিক ৬টি ক্লাস্টার করা হয়েছে। উক্ত 'ক্লাস্টার ফোকাল পয়েন্ট' কর্মকর্তাগণ প্রয়োজন অনুযায়ী এসডিজি

বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে থাকেন। এছাড়াও, প্রকল্প পরিচালক বলেন আলোচ্য প্রকল্পের আওতায় এসডিজি বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত "SDG Data Availability Status Report" প্রণয়ন করার জন্য থিমেটিক এরিয়াভিত্তিক ৭টি স্টাডি পরিচালনা করা হবে। প্রকল্প পরিচালকের উপস্থাপনা সমাপনান্তে সভাপতি বলেন, এসডিজিকে আরো গতিশীল করতে এ জাতীয় একটি প্রকল্প গ্রহণ সময়ের দাবি ছিল। এ পর্যায়ে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে পরবর্তী কার্যক্রম শুরু করার জন্য আহবান জানান।

২.৭ এ পর্যায়ে মুক্ত আলোচনা অনুষ্ঠানের সঞ্চালক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন) ড. দিপংকর রায় সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিদের আলোচ্য প্রকল্প সম্পর্কে মতামত/সুপারিশ থাকলে তা উপস্থাপনের জন্য আহবান জানান। এ পরিপ্রেক্ষিতে পরিকল্পনা কমিশনের জিইডি'র প্রতিনিধি জানান জিইডি হতে প্রতিবছর এসডিজি প্রগ্রেস রিপোট প্রকাশ করা হয়। এসডিজি'র হালনাগাদ ডাটার জন্য তারা বিবিএস এর উপর নির্ভর করেন। এসডিজি ট্র্যাকার ব্যবস্থাপনার দায়িত্বে আছে বিবিএস। বিগত প্রগ্রেস রিপোর্ট প্রকাশ করার সময় ট্র্যাকারের কারিগরি ত্রুটির কারণে হালনাগাদ উপাত্ত পাওয়া যায়নি। সামনে ২০২৪ সালের এসডিজি প্রগ্রেস রিপোর্ট প্রকাশ করা হবে। তিনি আশাবাদ ব্যক্ত করেন তখন যেন হালনাগাদ ডাটা প্রাপ্তিতে কোন অসুবিধা না হয়। তিনি আরো বলেন, এসডিজি-এর উপর বিভিন্ন প্রশিক্ষণ প্রদানসহ এসডিজি সংক্রান্ত সমস্যাগুলি এই প্রকল্পের মাধ্যমে সমাধান করা সহজ হবে। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি আশা করেন প্রজেক্টের মাধ্যমে এসডিজি'র স্থানীয়করণ বিষয়টি বাস্তবায়ন করা সহজ হবে। UNDP Bangladesh এর সহযোগিতায় বাস্তবায়নাধীন SSPS প্রকল্পের জাতীয় প্রকল্প ব্যবস্থাপক জনাব আমিনুল আরেফিন বলেন, প্রকল্পে যে সকল কার্যক্রম রাখা হয়েছে তা এসডিজি বাস্তবায়নে অনেক সহায়ক হবে। এসডিজির প্রকৃত চিত্র পাওয়া যায় এসডিজি ট্র্যাকার থেকে। এসডিজি'র মূল মন্ত্র "Leave No One Behind" বাস্তবায়ন সম্ভব হবে এসডিজি স্থানীয়করণের মাধ্যমে। তাই তিনি এসডিজি ট্র্যাকারের হালনাগাদকরণ এবং এসডিজি লোকালাইজেশনের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি এসআইডি'র Informatics Wing-কে আরও কার্যকর করার উদ্যোগ নেয়ার জন্য সচিব, এসআইডি'র দৃষ্টি আকর্ষণ করেন এবং এ ক্ষেত্রে UNDP সহযোগীতার হাত বাড়াতে পারে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইএসআরটির অধ্যাপক ড. শাহাদাত হোসেন মুক্ত আলোচনায় অংশ নিয়ে বলেন এসডিজি ডাটা রিপোর্টিং-এ নিয়মিত হালনাগাদের জন্য এ রকম একটি প্রকল্প গ্রহণ করে এসআইডি গুরুত্বপূর্ণ নিদর্শন তৈরি করেছে। তিনি বলেন, NDCC এর অনুষ্ঠিত প্রায় সকল সভায় তিনি উপস্থিত ছিলেন। তিনি দেখেছেন NDCC এর সভার মাধ্যমে এসডিজি'র ডাটা রিপোর্টিং-এর যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে। এসডিজি বাস্তবায়ন করতে হলে এসডিজি স্থানীয়করণের (Localization) উপর গুরুত্ব দিতে হবে। স্থানীয় পর্যায়ের ডাটা কালেকশনের প্রয়োজনীয়তা উল্লেখ করে তিনি এসআইডি'র Informatics Wing-কে আরও শক্তিশালী করার উপর গুরুত্বারোপ করেন। এ পর্যায়ে তিনি মুখ্য সমন্বয়ক মহোদয়ের বক্তব্যের সাথে একমত পোষণ করে প্রকল্প পরিচালককে প্রকল্পের মাধ্যমে ২টি বিষয়ের উপর কার্যক্রম গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন; স্থানীয় পর্যায়ের ডাটা রিপোর্টিং এবং এসডিজি লোকালাইজেশনের নিমিত্ত বিবিএস-এর সার্ভেগুলো থেকে indirect estimation-এর মাধ্যমে এসডিজির স্থানীয় পর্যায়ের ইন্ডিকেটর এড্রেস করা। তিনি মনে করেন এনজিওগুলোর কোয়ালিটি ডাটা পরিসংখ্যানিক সংকলনের মাধ্যমে স্থানীয় পর্যায়ের ডাটা রিপোর্টিং করা সম্ভব হবে। উন্নয়ন সহযোগীদের পক্ষ থেকে UNDP Bangladesh অফিসের প্রতিনিধি জনাব এ জেড এম সালেহ বলেন, এসডিজি বাস্তবায়নে বিভিন্ন ডেভেলপমেন্ট পার্টনার কাজ করে যাচ্ছে। বিশেষ করে মেটাডাটা প্রশিক্ষণ প্রদান করার ক্ষেত্রে রিসোর্স পার্সনসহ বিভিন্ন টেকনিক্যাল সাপোর্ট দিয়ে তাঁরা একসাথে কাজ করতে ইচ্ছুক। তিনি আরো বলেন, UN Data Group নামে একটি ডাটা গ্রুপ করা হয়েছে। ডাটা সংক্রান্ত বিষয়ে প্রকল্প পরিচালকের সাথে একসাথে কাজ করতে আগ্রহী। জবাবে সভাপতি বলেন, আমরা যারা ডাটা নিয়ে কাজ করি সে হিসেবে সকলে একসাথে মিলে কাজ করতে কোন অসুবিধা নাই। শুধু খেয়াল রাখতে হবে দেশের উন্নয়ন অগ্রগতিতে তা কতটুকু ভূমিকা রাখছে, এ বিষয়টি সবসময় রিপোর্ট করতে হবে। UNRCO এর প্রতিনিধি জনাব হালিমা নেয়ামত ডাটা বিষয়ে সবসময় সাপোর্ট করার জন্য সভাপতিকে ধন্যবাদ জানিয়ে বলেন; ডেভেলপমেন্ট পার্টনাররা ডাটা জেনারেট, ডাটা রিপোর্ট, মেটাডাটা ইত্যাদি বিষয়ে সব সময় সাপোর্ট দিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতেও প্রয়োজন অনুযায়ী সহযোগিতা করবে। পাশাপাশি UN Data Group এর বাইরে অন্যান্য ডেভেলপমেন্ট পার্টনার বিশেষ করে World Bankও একসাথে কাজ করতে আগ্রহী। এ পরিপরিপ্রেক্ষিতে সঞ্চালক ড. দিপংকর রায় বলেন, আমরা সবসময় UN Data Group এর সাথে কাজ করছি এবং ভবিষ্যতেও কাজ করে যেতে চাই। তিনি সভাকে অবহিত করেন, এসআইডি এবং বিবিএস-এর এ যাবত এসডিজি সংক্রান্ত গৃহীত সকল কার্যক্রমের আপডেট নিয়ে একটি রিপোর্ট প্রকাশ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এসডিজি ট্র্যাকারকে আরও হালনাগাদ ও ব্যবহার বান্ধব করা হবে মর্মে তিনি সভায় অভিমত ব্যক্ত করেন। পরবর্তীতে তিনি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination

Committee-NDCC)-এর নিয়মিত ২০মত সভা উপস্থাপনের জন্য জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে আমন্ত্রণ জানান।

## ৩। জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম সভা

**আলোচ্যসূচি-ক):**

৩.১ সভাপতির অনুমতিক্রমে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ২০তম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন। মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য NDCC-এর নিয়মিত কার্যক্রম-এর ওপর তিনি পুনরায় সংক্ষিপ্ত ধারণা দেন। এ কমিটির উল্লেখযোগ্য কর্মপরিধি তিনি সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ:

- উপাত্ত প্রস্তুত কার্যক্রম গতিশীল করা;
- উপাত্ত প্রস্তুতের ক্ষেত্রে দ্বৈততা হ্রাসকরণ ও উপাত্তের অভাব চিহ্নিতকরণ;
- মানসম্মত উপাত্তের প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং এসডিজিসহ আন্তর্জাতিক ২৪টি ইনডেক্সের উপাত্ত বিষয়ে অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে সমন্বয় সাধন করা;

তিনি বলেন, বাংলাদেশে এসডিজি বাস্তবায়নের জন্য পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনার সাথে সম্পূর্ণরূপে Incorporate করা, এসডিজি পরিবীক্ষণের জন্য মানসম্পন্ন, অভিগম্য, সময়োপযোগী ও নির্ভরযোগ্য এবং আয়, লিঙ্গ, বয়স, বর্ণ, নৃগোষ্ঠী, অভিবাসন মর্যাদা, প্রতিবন্ধিতা, ভৌগোলিক অবস্থান এবং জাতীয় পরিপ্রেক্ষিত বিবেচনায় অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভাজিত উপাত্ত প্রয়োজন। বৈশ্বিক সূচকের পাশাপাশি এসডিজি ও নন-এসডিজি সূচক এবং জাতীয় ও স্থানীয় অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (৩৯+১)-এর উপাত্ত নিয়েও কার্যক্রম চলমান আছে। তিনি আরো বলেন, উপাত্ত পরিবীক্ষণ ও মূল্যায়নে (Data, Monitoring & Evaluation) গুরুত্বারোপ করে এসডিজি গোল ১৭ এর আওতায় ০৫টি সূচক (১৭.১৮.১, ১৭.১৮.২, ১৭.১৮.৩, ১৭.১৯.১, ১৭.১৯.২) অন্তর্ভুক্ত করা হয়েছে। NDCC সভায় এ সকল উপাত্ত সমন্বয়ের কাজটি সূচারুপে করা হয়। এসডিজি'র ২৪৮টি সূচকের মধ্যে উপাত্তের উৎস সম্পর্কে বলেন, ১২৪টি সূচকের ডাটা/উপাত্ত Administrative Record বা Management Information System- (MIS) হতে; ৬৯টি সূচকের উপাত্ত বিভিন্ন শুমারি ও জরিপ হতে এবং ০৯টি সূচকের উপাত্ত Big Data Analysis-এর মাধ্যমে আসবে; এবং ২৮টি সূচকের ডাটা/উপাত্ত Multiple Data Sources থেকে আসবে। সভায় তিনি ০৯ টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র আওতাধীন সূচকসমূহের অগ্রগতি উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-খ):**

৩.২ আলোচনার শুরুতে বিগত ১৯শ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভাকে অবহিত করা হয়, যা নিম্নরূপ:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২.১ | বিগত সভার প্রথম সিদ্ধান্ত ছিল ২৪ টি International Index নিয়ে ইতোপূর্বে প্রণীত Mapping Document টি হালনাগাদের উদ্দেশ্যে আগামী অক্টোবর ২০২৩ মাসে স্টেকহোল্ডার কর্মশালা আয়োজন করতে হবে। এ বিষয়ে উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ International Index-বিষয়ে শুরু থেকে এ পর্যন্ত গৃহীত কার্যক্রম সভায় সংক্ষেপে তুলে ধরেন। তিনি বলেন, SID কর্তৃক গৃহীত "এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ" শীর্ষক কারিগরি প্রকল্পের আওতায় International Index হালনাগাদকরণের কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। সুতরাং International Index-এর হালনাগাদকরণের উদ্দেশ্যে গৃহীতব্য স্টেকহোল্ডার কনসালটেশনটি আগামী জানুয়ারী ২০২৪ মাসে আয়োজন করা যেতে পারে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID)-এর এসডিজি সেল কর্তৃক গৃহীত কারিগরি প্রকল্পের আওতায় ২৪ টি International Index নিয়ে জানুয়ারী, ২০২৪ সময়ে স্টেকহোল্ডার কর্মশালা আয়োজন করা হবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।<br><br>সহযোগিতায়:<br>বিবিএস,<br>a2i এবং UNRCO |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২.২ | কৃষি মন্ত্রণালয়ের সাথে প্রোডাকশন এস্টিমেশন গ্যাপ নিয়ে দীর্ঘ দিনের অনিষ্পন্ন বিষয়টি সমাধানের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সাথে দ্বিপাক্ষিক সভা আয়োজনের জন্য যোগাযোগ অব্যাহত আছে। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় হতে জানানো হয়েছে যে, দ্বিপাক্ষিক সভা আয়োজনের জন্য উক্ত মন্ত্রণালয় হতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে পত্র প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান সভাটি আয়োজনের জন্য মহাপরিচালকের সাথে যোগাযোগ করা হচ্ছে। | দ্রুত সভাটি আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাস্তবায়নে:<br>কৃষি মন্ত্রণালয়<br><br>সহযোগিতায়:<br>এসডিজি সেল, বিবিএস<br>ও<br>এসআইডি |
| ৩.২.৩ | বিগত সভার সিদ্ধান্ত ছিল SCNSS4SDGs প্রকল্পের আওতায় SDG Tracker-এর বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা। এ বিষয়ে মুখ্য সমন্বয়ক মহোদয় বলেন, যত তাড়াতাড়ি সম্ভব এসডিজি ট্র্যাকার বিষয়ে অস্পষ্টতা দূর করার জন্য এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ডাটা প্রদানকারী/ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদের নিয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | SCNSS4SDGs প্রকল্পের আওতায় প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী শীঘ্রই SDG Tracker-এর বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল, বিবিএস<br><br>সহযোগিতায়<br>"SCNSS4SDGs"-শীর্ষক প্রকল্প,<br>এসআইডি |
| ৩.২.৪ | এসডিজি'র হালনাগাদ তথ্য উপাত্ত প্রাপ্তিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে একাধিক গ্রুপ করে কর্মশালা আয়োজনের মাধ্যমে সমস্যা চিহ্নিতকরণসহ তা নিরসনের জন্য ৯টি থিমেটিক এরিয়া অনুযায়ী ধারাবাহিকভাবে গ্রুপভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত ছিল। SCNSS4SDGs প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে পরিবেশ, বন ও জলবায়ু সংক্রান্ত থিমেটিক এরিয়ার সাথে সংযুক্ত ১১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে প্রথম গ্রুপভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার কর্মপরিকল্পনা আছে। | পরিবেশ, বন ও জলবায়ু সংক্রান্ত থিমেটিক এরিয়ার সাথে সংযুক্ত ১১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা নিয়ে প্রথম গ্রুপভিত্তিক প্রশিক্ষণ কর্মশালা আগামী জানুয়ারী/ ফেব্রুয়ারী, ২০২৪ মাসে আয়োজন করতে হবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল,<br>এসআইডি<br><br>সহযোগিতায়:<br>পরিবেশ, বন ও জলবায়ু সংক্রান্ত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস,<br>এসডিজি সেল, বিবিএস<br>এবং<br>"SCNSS4SDGs"-শীর্ষক প্রকল্প, এসআইডি |
| ৩.২.৫ | বিগত সভার সিদ্ধান্ত ছিল দুটি NDCC সভার অন্তর্বর্তীকালীন সময়ে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরিবর্তন হয়েছে তা নিশ্চিত করতে হবে এবং উক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের এসডিজি সূচকের হালনাগাদ অবস্থা জেনে NDCC সভায় অংশগ্রহণ করবেন। এ বিষয়ে মুখ্য সমন্বয়ক মহোদয় তাঁর কার্যালয়ের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করে বলেন, মন্ত্রণালয়/বিভাগ এর এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ ডাটা প্রদানকারী/ ডাটা অনুমোদনকারী কর্মকর্তা বদলি হলে বদলিকৃত স্থানেও তাকে যেন এসডিজি বিষয়ে সম্পৃক্ত করা হয়, এ বিষয়ে যেন একটি পত্র জারী করা হয়। এতে এসডিজির ধারাবাহিকতা বজায় থাকবে। পাশাপাশি বদলি সংক্রান্ত বিষয়টি এসআইডি ও বিবিএসকে অবহিত রাখতে হবে। | এসডিজির ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে মন্ত্রণালয়/বিভাগ এর এসডিজি ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট/ ডাটা প্রদানকারী/ ডাটা অনুমোদনকারী কর্মকর্তা বদলি হলে বদলিকৃত স্থানেও তাকে যেন এসডিজি সংক্রান্ত বিষয়ে সম্পৃক্ত করা হয়, এ বিষয়ে একটি পত্র জারী করতে হবে। বদলি সংক্রান্ত বিষয়টি এসআইডি ও বিবিএসকে অবহিত রাখতে হবে। | বাস্তবায়নে:<br>মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) মহোদয়ের অফিস, প্রধানমন্ত্রীর কার্যালয়।<br>সহযোগিতায়:<br>এসডিজি সেল,<br>এসআইডি |

**আলোচ্যসূচি-গ): মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সূচকসমূহের অগ্রগতি পর্যালোচনায়** ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস বিস্তারিতভাবে এসডিজি সূচকসমূহের হালনাগাদ তথ্য-উপাত্তের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, বর্তমানে ২০৫টি সূচকের Baseline উপাত্ত আছে যা বিগত সভায় ছিল ১৯৪টি। বর্তমান বছরের মধ্যেই Baseline উপাত্ত ২০০টি'তে উন্নীত করার লক্ষ্য ছিল যা ইতোমধ্যে অর্জিত হয়েছে। বিগত NDCC সভা হতে বর্তমান সভার মধ্যবর্তী সময়ে ৭টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বপ্রাপ্ত ১১টি সূচকের বেজলাইন এবং ১২টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বপ্রাপ্ত ১৯টি সূচকের হালনাগাদ উপাত্ত সত্যায়ন করা হয়েছে। এসডিজির অভীষ্টভিত্তিক Baseline Data Availability উপস্থাপনায় দেখা যায় যে, অভীষ্ট ১, ৩, ৪ এবং ৭ এর সূচকের Baseline তথ্য রয়েছে এবং অভীষ্ট ১২, ১১ এবং ১৪ এর ক্ষেত্রে সবচেয়ে কম সূচকের

Baseline তথ্য রয়েছে। এসময় মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) আংশিক লক্ষ্যমাত্রা নির্ধারণ না করে আগামী বছরের মধ্যেই সকল উপাত্তের Baseline নিশ্চিত করার জন্য তাগিদ দেন এবং সভাপতি এ পরিপ্রেক্ষিতে সহমত পোষণ করেন। যুগ্মসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন, এসডিজি বাস্তবায়নের জন্য ৭ বছর বাকি আছে। নির্ধারিত সময়ের মধ্যে এসডিজি বাস্তবায়ন পরিবীক্ষণের লক্ষ্যে বিবিএস-কে যেমন অবশিষ্ট সূচকসমূহের বেইজলাইন/হালনাগাদ উপাত্ত সরবরাহ করতে হবে, তেমনি এসডিজি ট্র্যাকারের দায়িত্বপ্রাপ্ত সংস্থা হিসেবে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে ট্র্যাকারে বেইজলাইন/হালনাগাদ উপাত্ত প্রদানের কাজটিরও সমন্বয় করতে হবে। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, নির্ধারিত সময়ের মধ্যে বিবিএস তার উপর অর্পিত দায়িত্ব সূচারুরূপে সম্পন্ন করবে। এ প্রেক্ষিতে সভাপতি বলেন, কোন কোন উপাত্তের এখনো বেইজলাইন নেই তার একটি তালিকা প্রণয়ন করে উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রধান অতিথি মহোদয় একমত পোষণ করেন এবং তা ফলোআপেও পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্তসমূহ:**

ক) SCNSS4SDGs প্রকল্পের আওতায় SDG Tracker-এর বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালা দ্রুত আয়োজন করতে হবে।
**বাস্তবায়নে: SCNSS4SDGs প্রকল্প, এসডিজি সেল, এসআইডি, এসডিজি সেল, বিবিএস, a2i এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা।**

খ) কোন কোন উপাত্তের এখনো বেইজলাইন নেই তার একটি তালিকা বিবিএস থেকে প্রণয়ন করে উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় দ্রুত প্রেরণ করতে হবে। **বাস্তবায়নে: এসডিজি সেল, বিবিএস।**

গ) এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব-এর অংশগ্রহণে SCNSS4SDGs প্রকল্পের আওতায় এখন পর্যন্ত যে সকল সূচকের ~~এখনো~~ বেইজলাইন নেই সেই সকল সূচক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে নিয়ে গ্রুপ ভিত্তিক পর্যালোচনা সভা আয়োজন করতে হবে। **বাস্তবায়নে: SCNSS4SDGs প্রকল্প, এসডিজি সেল, এসআইডি, এসডিজি সেল, বিবিএস, a2i এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা।**

৪.০ পরিশেষে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০১/২৪

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ